গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ।
www.lawjusticediv.gov.bd

আইন ও বিচার বিভাগ এর "নৈতিকতা কমিটি" এর ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৫/০৯/২০২০ খ্রিঃ |
| সময় | : | ১১.০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, আইন ও বিচার বিভাগ |
| সভাপতি | : | জনাব মোঃ গোলাম সারওয়ার,<br>সচিব, আইন ও বিচার বিভাগ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-ক সংযুক্ত। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্ম সচিব (মতামত) বেগম উম্মে কুলসুম, এ বিভাগের ২০২০-২০২১ সনের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভায় পাঠ করে শুনান। তিনি এ বিভাগের কর্মপরিকল্পনার বিষয়ে সভায় উপস্থিত সকলকে অবহিত করেন।

সচিব মহোদয় সভায় জানান যে, শুদ্ধাচার বিষয়ে গত বছরের এ বিভাগের অর্জন সন্তোষজনক নয়। এ বছরে তিনি শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রত্যেক শাখা-অধিশাখা, দপ্তর, সংস্থার কর্মকর্তাদের স্বীয় দায়িত্ব নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের তাগিদ দেন।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর অর্ন্তভূক্ত বিষয়াবলী নিয়ে আলোচনা | সভার সকল সদস্যবৃন্দ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ১ম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভাপতিকে আশ্বস্থ করেন। | | নৈতিকতা কমিটি |
| ২ | কর্মচারীদের অংশগ্রহণে চাকরি ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | বাংলাদেশে বিদ্যমান কোভিড পরিস্থিতির কারণে নিয়মিত প্রশিক্ষণ সমূহ ১ম ত্রৈমাসিকে আয়োজন করা সম্ভবপর হয়নি। সভাপতি জানান যে, প্রয়োজনে স্বাস্থ্যবিধি নিশ্চিত করে অনলাইনে কিংবা অফলাইনে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। যেহেতু ১ম ত্রৈমাসিকে কোন প্রশিক্ষণ আয়োজন সম্ভব হয়নি সেহেতু, ২য় ত্রৈমাসিকে প্রশিক্ষণ আয়োজন করার জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | ২য় ত্রৈমাসিকে কর্মচারীদের অংশগ্রহণে চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | বিচার শাখা-৮ |
| ৩ | ওয়েবসাইট হালনাগাদ করণ প্রসঙ্গে | এপিএ কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্ম সচিব (মতামত)বেগম উম্মে কুলসুম জানান যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ৪.২ নং ক্রমিকে সেবা সংক্রান্ত টোল ফ্রি নাম্বারসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ, শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ, তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার (GRS) সেবাবক্স হালনাগাদকরণ, নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার নাজমুল জানান যে, লক্ষ্যমাত্রা অনুসারে ওয়েবসাইট হালনাগাদ করা হয়েছে এবং চলমান সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হলে তা অনতিবিলম্বেই নির্ধারিত সেবাবক্সে আপলোড | ওয়েবসাইট লক্ষ্যমাত্রা অনুসারে হালনাগাদ করা হবে। | সহকারী প্রোগ্রামার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হবে। | | |
| ৪ | সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন প্রসঙ্গে | এপিএ কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্ম সচিব (মতামত)বেগম উম্মে কুলসুম জানান যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ২.১ নং ক্রমিকে বর্ণনা অনুসারে প্রতি ত্রৈমাসিকে একটি করে মোট ৪ (চার) টি সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহনে সভা আয়োজনের বিষয় উল্লেখ রয়েছে। তিনি আরো বলেন যে, এই ত্রৈমাসিকে গত ১৫ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ তারিখে ইতোমধ্যে আইন ও বিচার বিভাগের বিভিন্ন অংশীজনের সমন্বয়ে সফলভাবে একটা সভা আয়োজন করা হয়েছে। | পরবর্তী ত্রৈমাসিকে ২য় সভা আয়োজন করতে হবে এবং ১ম সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে যথাযথ মনিটরিং করতে হবে। | নৈতিকতা কমিটি |
| ৫ | সংস্থার শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন প্রসঙ্গে | কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৮.২ নং ক্রমিকে সংস্থার শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন করার বিষয়ে নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভাপতি উপস্থিত সদস্যদের সাথে আলোচনাক্রমে শাখা/অধিশাখা সমূহ পরিদর্শন করবেন মর্মে জানান। | আইন ও বিচার বিভাগের সলিসিটর উইং এর শাখা সমূহ পরিদর্শন করা হবে। | সলিসিটর, আইন ওবিচার বিভাগ |
| ৬ | ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও প্রকাশ | কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও প্রকাশের জন্য লক্ষ্যমাত্রা থাকলেও উক্ত পরিকল্পনা প্রণয়ন করা হয়নি। ২০২০-২১ অর্থবছরে ১ম ত্রৈমাসিকে উক্ত ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও প্রকাশের বিষয় উল্লেখ রয়েছে। সভাপতি অনতিবিলম্বে উক্ত ক্রয় পরিকল্পনা প্রণয়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও প্রকাশ করতে হবে | বিচার শাখা-৫ |

সভাপতি শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রম নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করেন। জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নের লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহবান জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.১০/২০২০

মোঃ গোলাম সারওয়ার
সচিব
আইন ও বিচার বিভাগ।